মেহেরপুরে ট্রাক্টরের ধাক্কায় রিক্সা চালক আহত

মেহেরপুর পৌর ভূমি অফিসের সামনে ট্রাক্টরের ধাক্কায় রিক্সা চালক মোঃ কালু আহত হয়েছে। আজ সোমবার (৮ জানুয়ারি) বেলা ১২ টা ২০ মিনিটের সময় এই দূর্ঘটনাটি ঘটে। আহত মোঃ কালু (৫৩), গোভিপুর ভিটাপাড়া মৃত আক্কাস আরীর ছেলে।

স্থানীয়রা জানায় পৌর ভূমি অফিসের সামনে রিক্সার চালক মোঃ কালু
(৫৩) তার নিজ রিক্সার নিয়ে দাড়িয়ে ছিলো অপর দিক থেকে আসা ট্রাক্টর চালক রায়হান (৩৫) নিয়ন্ত্রণ হারিয়ে রিক্সার চালক কালুর রিক্সাসহ তার শরীরে উঠিয়ে দিয়ে রিক্সা ভেঙ্গে চুরমার হয়ে যায়। এসময় সে জ্ঞান হারিয়ে রাস্তায় পড়ে থাকে আমরা স্থানীরা তাকে উদ্ধার করে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে নিয়ে যায়।

এসময় কর্তব্যরত চিকিৎসক বলেন আহত কালুর মাথা, হাতে ও বুকে গুরুতর ভাবে আঘাত হয়েছে। আমরা প্রাথমিক চিকিৎসা দিয়ে ভর্তি করে রেখেছি।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা শেখ কনি মিয়া বলে আমরা খবর পেয়ে ঘর্টনা স্থানে থানার একটি টিম পাঠিয়েছি তারা ট্রাক্টর চালক রায়হানকেসহ ট্রাক্টটি ও ভেঙ্গে যাওয়া রিক্সাটি থানা হেফাজতে নিয়ে আসে। এ নিয়ে আইনগত ব্যবস্থা প্রক্রিয়াধীন রয়েছে।

এ দিকে বিভিন্ন সোশ্যাল মিডিয়ায় আহত রিক্সাচালক কালু মারা গেছে বলে প্রচার করা হয়েছে।